
# ভোটে জিততে হলে জনগণের আস্থা অর্জন করতে হবে: মির্জা ফখরুল




সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছেন, এবারের নির্বাচন হবে স্বচ্ছ ও নিরপেক্ষ, যা কোনও দলের একচ্ছত্র প্রভাবের নির্বাচন নয়। তিনি বলেন, বিজয়ী হতে হলে শুধু প্রচারণা নয়, জনগণের আস্থা ও ভালোবাসা অর্জন করাই মূল চাবিকাঠি।

বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশনের মিলনায়তনে 'বিএনপির দেশ গড়ার পরিকল্পনা' কর্মসূচির পঞ্চম দিনের উদ্বোধনী অনুষ্ঠানে ফখরুল এসব কথা বলেন। তিনি উল্লেখ করেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে বিএনপি শক্তিশালী ও প্রতিনিধিত্বশীল সংসদ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

মহাসচিব নেতাকর্মীদের উদ্দেশে বলেন, "এই নির্বাচন হবে সবচেয়ে কঠিন লড়াই। আমাদের সামনে এগোনোর শক্তি পেছনে টানার শক্তিকে হারাতে হবে।" তিনি আরও বলেন, নতুন দলগুলোর একটি জোট বিএনপিকে সংস্কারবিরোধী হিসেবে দেখানোর চেষ্টা করছে, অথচ দেশের উল্লেখযোগ্য সব সংস্কার ও অগ্রগতি বিএনপির হাত ধরেই সম্ভব হয়েছে।

LENS ASIA